

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় সিয়াম (রোযা) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৭. কী ধরনের শর্ত পূরণ সাপেক্ষে উপরে বর্ণিত অফুরন্ত ফযীলত ও সওয়াব হাসিল করা যাবে?

সিয়ামের বরকতময় সাওয়াব ও পুরস্কার হাসিলের জন্য নিমোক্ত শর্তাবলি পূরণ করা আবশ্যক।

- ১. শুধুমাত্র আল্লাহকে খুশি করার জন্য সিয়াম পালন করতে হবে।মনের মধ্যে লোক দেখানোর ইচ্ছা বা অপরকে শুনানোর কোন ক্ষুদ্র অনুভূতি থাকতে পারবে না।
- ২. সিয়াম পালন, সাহরী, ইফতার ও তারাবীহসহ সকল ইবাদত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুন্নাত তরীকামতো পালন করতে হবে।
- ৩. খাওয়া-দাওয়া ও যৌনাচার ত্যাগের মতো মিথ্যা, প্রতারণা, সুদ, ঘুষ, অশ্লীলতা, ধোঁকাবাজি ও ঝগড়া-বিবাদসহ সকল অন্যায় কাজ থেকে বিরত থাকতে হবে। চোখ, কান, জিহ্বা ও হাত পা সকল ইন্দ্রিয়কে অন্যায় কাজ থেকে হেফাযতে রাখতে হবে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,
- "যে ব্যক্তি মিথ্যা কথা ও কাজ এবং মূর্খতা পরিত্যাগ করতে পারল না, তার রোযা রেখে শুধুমাত্র পানাহার বর্জনে আল্লাহর কোন প্রয়োজন নেই।" (বুখারী: ১৯০৩)
- "তোমাদের মধ্যে যে ব্যক্তি সিয়াম পালন করবে সে যেন অশ্লীল আচরণ ও চেঁচামেচি করা থেকে বিরত থাকে। যদি কেউ তাকে গালি দেয় বা তার দিকে মারমুখী হয়ে আসে তবে সে যেন তাকে বলে 'আমি রোযাদার'। অর্থাৎ রোযা অবস্থায় আমি গালিগালাজ ও মারামারি করতে পারি না।" (মুসলিম: ১১৫১)
- "এমন অনেক রোযা পালনকারী আছে যার রোযা থেকে প্রাপ্তি হচ্ছে শুধুমাত্র ক্ষুধা ও তৃষ্ণা। তেমনি কিছু সালাত আদায়কারী আছে যাদের সালাত কোন সালাতই হচ্ছে না। শুধু যেন রাত জাগছে।" (আহমাদ: ৮৮৪৩) (অর্থাৎ সালাত আদায় ও সিয়াম পালন সুন্নাত তরীকামতো না হওয়ার কারণে এবং মিথ্যা প্রতারণা ও পাপাচার ত্যাগ না করায় তাদের রোযা ও সালাত কোনটাই কবুল হচ্ছে না)।
- ৪. চতুর্থত: ঈমান ভঙ্গ হয়ে যায় বা ঈমান থেকে বহিস্কৃত হয়ে যায় এমন কোন পাপাচার থেকে বিরত থাকা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13406

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন